গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪২৬ তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১৬-১০-৯২০১৮ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৪৮.১৮-১৬৫ নম্বর স্মারকের সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণ-কে (২য় শ্রেনির পদে) ১০ম গ্রেড-এ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর বেতনস্কেল টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/-এ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর অধীন **'সিনিয়র স্টাফ নার্স'** হিসেবে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্র: নং | মেধাক্রম | রেজিস্ট্রেশন নং | নাম | নিজ জেলা |
|---|---|---|---|---|
| ১. | ২৮০ | ০০৮৩৬৪ | সানজিদা আক্তার | ময়মনসিংহ |
| ২. | ৪০৬ | ০০৩৯৭১ | মোছা: শাহনাজ আক্তার | রংপুর |
| ৩. | ১০৬৮ | ০০২১৩৪ | জেসমীন আক্তার লাকী | কুড়িগ্রাম |
| ৪. | ১৬৮৮ | ০০২৭৫৬ | শামিমা আক্তার | টাঙ্গাইল |
| ৫. | ২৯৮৮ | ০১৩৮৯৪ | রুমানা নাজনীন | দিনাজপুর |
| ৬. | ৩৫৪০ | ০০৪০৪৮ | ফেরদৌসী বেগম | নীলফামারী |
| ৭. | ৪৬৭০ | ০০৪৩৫৪ | মো: আশরাফ হোসেন | টাঙ্গাইল |
| ৮. | ৫০০১ | ০০১৯৫৫ | দিপা নেকলা | টাঙ্গাইল |

**শর্তাবলিঃ**

(ক).

১. সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণিতব্য আইন ও বিধি-বিধান দ্বারা চাকুরি সংক্রান্ত সকল বিষয় নিয়ন্ত্রিত হবে।

২. মন্ত্রণালয় কর্তৃক পদায়নকৃত স্থানে যোগদানের তারিখ থেকে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের চাকুরিকাল গণনা করা হবে।

৩. প্রাথমিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ২ বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে গণ্য হবেন এবং নিয়োগবিধিতে বর্ণিত বিধান মোতাবেক শিক্ষানবিশ কর্মকর্তাকে উক্ত পদে স্থায়ী করা হবে। এ ছাড়া যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই, মুক্তিযোদ্ধ সনদ যাচাই, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ যাচাই এবং প্রতিবন্ধী সনদ যাচাই অন্তে সন্তোষজনক প্রতীয়মান হলে চাকুরী স্থায়ী করা হবে।

৪. শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা হবে।

৫. তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দিলে তার প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে তার কাছে সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. তার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।

৮. চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।

৯. নিয়োগকৃত প্রার্থীদের পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে পরবর্তীতে তদন্ত করা হবে। তদন্ত প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে সাথে সাথে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং চাকুরী থেকে বরখাস্ত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১০. সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

১১. নিয়োগকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো প্রার্থীর যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা হবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. নিয়োগকৃত প্রার্থীদের মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত স্থানে ও তারিখে স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

১৩. নিয়োগকৃত প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ এবং প্রতিবন্ধী সনদ যাচাই করা হবে। এ সংক্রান্ত সনদ যাচাই কালে কোনো অসত্য কিংবা জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে চাকুরিচ্যুতিসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর-এর PMIS-এ সন্নিবেশের জন্য চাহিত তথ্যাদি যোগদানের সময় প্রদান করতে হবে।

১৫. মুদ্রনজনিত কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে পরবর্তীতে সংশোধন করা হবে।

১৬. এ চাকুরিতে যোগদানকালীন সময়ের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(খ). উপরের শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৩/১২/২০১৮ খ্রি: তারিখের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত স্থানে/কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে ও কর্মস্থলে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ). জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫.১১.১৮
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

নং- ৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪২৬/১(৩০)

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলানগর , আগারগাঁও, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. মহা-পরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (অধীনস্থ দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক/অধ্যক্ষ.........................................................................................................।
১০. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট...........................................................................................।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
১৫. উপজেলা/থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা..............................................................।
১৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৭. জেলা পাবলিক হেলথ নার্স.....................................................................................।
১৮. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................................................।
১৯. জনাব/বেগম...................................................................................................।

২৫.১১.১৮
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪২৭ তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১৬-১০-৯২০১৮ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৪৮.১৮-১৬৫ নম্বর স্মারকের সুপারিশের ভিত্তিতে এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৫/১১/ ২০১৮ তারিখের ৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪২৬ নম্বর স্মারকের প্রজ্ঞাপন মূলে (২য় শ্রেনির পদে) ১০ম গ্রেড-এ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর বেতনস্কেল টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/-এ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর অধীন **'সিনিয়র স্টাফ নার্স'** হিসেবে নিয়োগকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হ'লঃ

| ক্র: নং | মেধাক্রম | রেজিস্ট্রেশন নং | নাম | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | ২৮০ | ০০৮৩৬৪ | সানজিদা আক্তার | শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা |
| ২. | ৪০৬ | ০০৩৯৭১ | মোছা: শাহনাজ আক্তার | জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা |
| ৩. | ১০৬৮ | ০০২১৩৪ | জেসমীন আক্তার লাকী | রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর |
| ৪. | ১৬৮৮ | ০০২৭৫৬ | শামিমা আক্তার | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা |
| ৫. | ২৯৮৮ | ০১৩৮৯৪ | রুমানা নাজনীন | ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর |
| ৬. | ৩৫৪০ | ০০৪০৪৮ | ফেরদৌসী বেগম | ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সৈয়দপুর, নীলফামারী |
| ৭. | ৪৬৭০ | ০০৪৩৫৪ | মো: আশরাফ হোসেন | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৮. | ৫০০১ | ০০১৯৫৫ | দিপা নেকলা | এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট |

২। উল্লিখিত কর্মকর্তা আগামী ১৩/১২/ ২০১৮ তারিখের মধ্যে যোগদান করবেন। নির্ধারিত তারিখে ও কর্মস্থলে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্স সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল এর পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন এর মাধ্যমে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

৫। মুদ্রনজনিত কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে পরবর্তীতে সংশোধন করা হবে।

৬। নিয়োগকৃত প্রজ্ঞাপনের সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

৭। এ বাবদ কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেওয়া হবে না।

৮। জনস্বার্থে এ পদায়ন আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২৫.১১.১৮
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪২৭/১(৩০) তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলানগর, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক/অধ্যক্ষ (সকল)..........................................................................................।
৬. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট (সকল)..........................................................................।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. জেলা পাবলিক হেলথ নার্স (সকল)..........................................................................।
১১. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)..................................................................।
১২. উপজেলা/থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা..........................................................।
১৩. জনাব/বেগম..........................................................

২৫.১১.১৮
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব